

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
নালিতাবাড়ী উপজেলায় কর্মজীবী মহিলা হোস্টেল কাম ট্রেনিং সেন্টার স্থাপন প্রকল্প
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং-৩২.০১.০০০০.৫০১৫.০১১.০১৫.২০১৪-১৬৪

তারিখঃ ৩০/০১/২০১৮ খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন শেরপুর জেলার “নালিতাবাড়ী উপজেলায় কর্মজীবী মহিলা হোস্টেল কাম ট্রেনিং সেন্টার স্থাপন” প্রকল্পে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুধুমাত্র প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য চুক্তিভিত্তিক নির্ধারিত বেতনে নিয়োগের জন্য যোগ্য ও আত্মহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম ও বেতন	পদ সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
০১।	ট্রেড প্রশিক্ষক সুইং মেশিন অপারেটর (গ্রেড-১৪) স্কেল- ১০২০০-১৬৭০০/- সর্বসাকুল্যে বেতন=১৬,৭০০/-	১ (এক) টি	অনুর্ধ্ব ৩০ বছর	স্নাতক ডিগ্রী/উচ্চ মাধ্যমিক পাশ এবং যে কোন সরকারী প্রতিষ্ঠান হতে ইন্ডাস্ট্রিয়াল সুইং মেশিন অপারেশন সিস্টেম ট্রেড কোর্স সম্পন্ন। শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন।	সংশ্লিষ্ট বিষয়ে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
০২।	মেট্রিন, গ্রেড-১৫ স্কেল- ৯৭০০-১৬২৫০/- সর্বসাকুল্যে বেতন ১৬,২৫০/-	১ (এক) টি	অনুর্ধ্ব ৩০ বছর	প্যারামেডিকেল/ নার্সিং/ ডিপ্লোমা কোর্স পাশ। শুধুমাত্র মহিলা প্রার্থীগণকে আবেদন করতে পারবেন।	সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলী :

- ১। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mowca.gov.bd) ও মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েব সাইটে (www.dwa.gov.bd)-এ আবেদন ফরম পাওয়া যাবে অথবা জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত চাকরির ১ পাতার নির্ধারিত ফরম এ আবেদন করতে হবে। আবেদনকারীকে ওয়েবসাইট হতে আবেদনপত্রের ছক A4 সাইজ কাগজে প্রিন্ট করে খালি ঘরগুলো স্বহস্তে/টাইপ করে পূরণ করতে হবে। আগামী ২২/০২/২০১৮ খ্রিঃ এর মধ্যে আবেদনপত্র ডাকযোগে প্রকল্প পরিচালক, “নালিতাবাড়ী উপজেলায় কর্মজীবী মহিলা হোস্টেল কাম ট্রেনিং সেন্টার স্থাপন” শীর্ষক প্রকল্প, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (কক্ষ নং-৮১০), সচিবালয় লিংক রোড, ঢাকা-এর বরাবর পৌছাতে হবে। ইতোপূর্বে ট্রেড প্রশিক্ষক-সুইং মেশিন অপারেটর পদে যারা আবেদন করেছেন, তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।
- ২। আগামী ২২/০২/২০১৮ খ্রিঃ প্রার্থীদের বয়স অনুর্ধ্ব ৩০ বছর। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ৩। শূন্য পদ পূরণে কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ৪। আবেদনপত্রের সাথে প্রার্থীর সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
- ৫। প্রার্থীদের আবেদনপত্রের সাথে কোন প্রকার ট্রেজারী চালান/ব্যংক ড্রাফট প্রয়োজন নেই।
- ৬। আবেদনপত্রের সাথে ১০ (দশ) টাকা মূল্যের ডাকটিকেটসহ নিজ ঠিকানা সংবলিত ৯' x ৪' সাইজের একটি অব্যবহৃত খাম সংযুক্ত করতে হবে।
- ৭। সরকার নির্ধারিত বিশেষ কোটার (শহীদ মুক্তিযোদ্ধা বা মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের সন্তানদের সন্তান/এতিমখানা নিবাসি ও শারীরিক প্রতিবন্ধি, উপজাতি, আনসার ও ভিডিপি) চাকরি প্রার্থীকে ঐ কোটায় চাকরির যোগ্যতা সংক্রান্ত সরকারের সর্বশেষ নির্দেশনা পালন করা হবে।
- ৮। আবেদনপত্রের খামের উপরে ডান পার্শ্বে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে। বিশেষ কোটায় আবেদনকারীকে খামের উপর কোটার নাম উল্লেখ করতে হবে। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদে নিয়োগের ক্ষেত্রে প্রচলিত বিধি/আদেশ অনুসরণ করা হবে।
- ৯। চাকরির প্রার্থীদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- ১০। আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা বা কোন ধরনের সনদপত্র দাখিল করতে হবে না।
- ১১। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ/ক্রটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ১২। বিজ্ঞপ্তিতে শূন্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল/সংশোধন বা সংযোজন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১৩। চাকরিতে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৪। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৫। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

মোঃ আইনুল কবীর
যুগ্মসচিব ও প্রকল্প পরিচালক
ফোন-৯৫৮৬২৫৬